

PRESS RELEASE

“Conducting global standard Accreditation Course on Mediation at Dhaka by BIAC is commendable” says Law Minister Barrister Shafique.

Thursday, 05th September 2013:

Law Minister Barrister Shafique Ahmed stated that initiatives under taken by BIAC in organizing global standard Accreditation Course on Mediation at Dhaka is commendable. This training course will complement government's efforts to implement recent amendments in our laws making mediation mandatory. He was speaking at the concluding session of the Accreditation Course on Mediation, organized by the Bangladesh International Arbitration Centre (BIAC) and Centre for Effective Dispute Resolution (CEDR), UK from 26th September 2013 at Ruposhi Bangla Hotel. He acknowledged that businesses and investors require fast and effective tools for resolving disputes that may arise. In keeping with the established practice in the developed and major developing countries, we need to make our dispute resolution systems quicker, less expensive and business-friendly. He maintains that mediation is less expensive, expeditious and conducive to maintain good relationship.

Twenty two trainees in two groups from different professions participated in the intensive training programme. At the end of the programme the participants will be assessed and only successful participants will be accredited as mediators and will be recognized internationally.

While presiding over the Concluding Session, Mr. Mahbubur Rahman, Chairman of BIAC and President ICC-B emphasized that trained manpower is essential to make ADR successful in the country. The three business chambers: ICC-B, DCCI and MCCI have established BIAC with an objective to facilitate the resolution of commercial disputes through ADR. Our court system is already overburdened with cases, number of which is increasing everyday- he observed. He expressed his gratitude to IFC for supporting BIAC.

Important statements were made by two participants Shireen Sheikh Mainuddin and Abdul-Muyeed Choudhury. Among others, Andy Grossman, Director of CEDR, who came from London for the training, BIAC's Chief Executive Dr. Toufiq Ali and Dr. Masrur Reaz of IFC, Dhaka also spoke on the occasion. Dr. Toufiq Ali requested the Law Minister to engage Accredited Mediators from BIAC's Panel by referring cases for mediation. Dr. Masrur Reaz of IFC thanked BIAC for its pioneering role in institutionalizing ADR in the country.

বিয়াক প্রেস রিলিজ

৫ সেপ্টেম্বর ২০১৩

ঢাকায় মধ্যস্থতা বিষয়ে বিশ্বমানের এক্রেডিটেশন কোর্স এর আয়োজন করায় বিয়াক কে ধন্যবাদ জানালেন আইনমন্ত্রী।

ঢাকায় মধ্যস্থতা বিষয়ে বিশ্বমানের এক্রেডিটেশন কোর্স এর আয়োজন করায় আইন মন্ত্রী ব্যারিস্টার শফিক আহমেদ বাংলাদেশ ইন্টারন্যাশনাল আরবিট্রেশন সেন্টার (বিয়াক) কে ধন্যবাদ জানিয়েছেন। এ প্রশিক্ষণ সাম্প্রতিক কালে মধ্যস্থতাকে বাধ্যতামূলক করে প্রণীত বিভিন্ন আইনের সংশোধন বাস্তবায়নে সহায়ক বিবেচিত হবে। তিনি আজ অপরাহ্নে স্থানীয় একটি হোটেলে বিয়াক ও যুক্তরাজ্যের সেন্টার ফর ইফেক্টিভ ডিসপিউট রেজুলিউশন (সিডর) আয়োজিত এক্রেডিটেশন কোর্স অন মেডিয়েশন এর সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখছিলেন। তিনি বলেন বিনিয়োগ ও ব্যবসা- বানিজ্যের জন্য প্রয়োজন দ্রুত ও কার্যকর বিবাদ নিষ্পত্তি ব্যবস্থা। উন্নত ও উন্নয়নশীল দেশসমূহের সাথে সামঞ্জস্য রেখে আমরা আমাদের বিরোধ নিষ্পত্তি পদ্ধতিকে দ্রুততর, কার্যকর ও ব্যবসা বান্ধব করতে চাই। তিনি বলেন যে মেডিয়েশনে মামলা মোকদ্দমার চেয়ে কম খরচে, কম সময়ে বিরোধ নিষ্পত্তি সম্ভব এবং এর ফলে উভয় পক্ষের মধ্যে সুসম্পর্ক ও বিরাজমান থাকে।

২৬ আগস্ট ২০১৩ থেকে আয়োজিত এ প্রশিক্ষণ কোর্সে দু গ্রুপে বাইশ জন প্রশিক্ষণার্থী অংশ গ্রহণ করেছেন। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীগণের উৎকর্ষতা যাচাই করা হবে এবং কেবলমাত্র উত্তীর্ণ প্রার্থীদের মধ্যস্থতা বিষয়ে এক্রেডিটেশন প্রদান করা হবে। এ সকল এক্রেডিটেড মেডিয়েটরগণ আন্তর্জাতিকভাবে মধ্যস্থতাকারী হিসাবে স্বীকৃত হবেন।

সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিয়াক কাউন্সিলের চেয়ারম্যান ও আইসিসি বাংলাদেশের সভাপতি মাহবুবুর রহমান। সভাপতির ভাষণে তিনি দেশে বিকল্প বিরোধ নিষ্পত্তি পদ্ধতি সফল করে তুলতে এ বিষয়ে প্রশিক্ষিত জনবলের উপর গুরুত্বারোপ করেন। তিনটি বানিজ্যিক চেম্বার- ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্স -বাংলাদেশ, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রী, ও মেট্রোপলিটান চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রী বিকল্প বিরোধ নিষ্পত্তি পদ্ধতির মাধ্যমে বানিজ্যিক বিরোধ নিষ্পত্তি সহজতর করার লক্ষ্যে বাংলাদেশ ইন্টারন্যাশনাল আরবিট্রেশন সেন্টার প্রতিষ্ঠা করে। তিনি আরও বলেন আমাদের আদালত সমূহ বর্তমানে মামলার জটিল ভারাক্রান্ত। এ সংখ্যা প্রতিদিনই বাড়ছে মর্মে তিনি মন্তব্য করেন। বিয়াককে সমর্থন প্রদান করায় তিনি ইন্টারন্যাশনাল ফিন্যান্স কর্পোরেশন (আইএফসি) কে ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে মূল্যবান বক্তব্য রাখেন প্রশিক্ষণার্থীদের প্রতিনিধি শিরীন শেখ মাইনুদ্দীন ও আব্দুল মুয়ীদ চৌধুরী এবং সিডর ইউকে এর পরিচালক ও প্রশিক্ষক এন্ডি গ্রসম্যান- যিনি এ কোর্সে প্রশিক্ষণ প্রদানের জন্য লন্ডন হতে এসেছেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বিয়াকের প্রধান নির্বাহী ড: তৌফিক আলী ও আইএফসি, ঢাকার প্রতিনিধি ড: মাসরুর রিয়াজ ও বক্তব্য রাখেন। ড: তৌফিক আলী বিয়াক এর প্যানেলে অর্ন্তভুক্ত এক্রেডিটেড মেডিয়েটরদের দেওয়ানী মামলায় মধ্যস্থতাকারী হিসাবে নিয়োগের ব্যবস্থা করতে আইন মন্ত্রীকে অনুরোধ করেন। আইএফসির প্রতিনিধি ড: মাসরুর রিয়াজ বিকল্প বিরোধ নিষ্পত্তি পদ্ধতিকে আনুষ্ঠানিক রূপ প্রদানে পথিকৃতের ভূমিকা রাখায় বিয়াককে ধন্যবাদ জানান।